গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
www.coop.khulnadiv.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪-৩৪০(১০) তারিখ: ০১/০৭/২০২৬ খ্রি.

বিষয় : জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি ও সমবায়ী মনোনয়ন প্রদান।

সূত্র : ০১. সমবায় অধিদপ্তরের প্রচার ও প্রকাশনা শাখার স্মারক নং-৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬.১৭৫(৮); তারিখ: ২৪/০৬/২০২৬

০২. বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনার স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪-৩৩৯(১০); তারিখ: ০১/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩ নং অনুচ্ছেদ অনুযায়ী ১০ টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০ (দশ) টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (২ জন পুরুষ ও ২ জন মহিলা)'কে জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের লক্ষ্যে সমবায় অধিদপ্তরের সূত্রস্থ ০১ নং স্মারকপত্র ও নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ১০ টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০ (দশ) টি সমবায় সমিতি এবং ০৪ (চার) জন সমবায়ী (২ জন পুরুষ ও ২ জন মহিলা)'কে মনোনয়ন দিয়ে সফট কপি ইমেইলে ও ০২(তিন) প্রস্ত হার্ডকপি বাহক মারফত বিনা ব্যর্থতায় আগামী ০৯/০৮/২০২৬ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, সূত্রস্থ ২ নং স্মারকে ইত:পূর্বে জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ এর জন্য সমবায় সমিতি ও সমবায়ীদের নিকট থেকে মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংযুক্ত), পৃথক ২টি আবেদন ফরম প্রেরণ করা হয়েছে।

০২। বিষয়টি অতীব জরুরী।

<u>অনুসৃতব্য নির্দেশনা:</u>

- ✓ সংযুক্ত ছকে MS word এ ইউনিকোড Nikosh ফন্ট ব্যবহার করে Legal size কাগজে Landscape orientation এ টাইপ করতে হবে। অন্য কোন ফন্টের সাথে মিশ্রন করা যাবেনা;
- ✓ মূল্যায়ন ছকে সন্নিবেশিত/উপস্থাপিত/প্রদত্ত তথ্যের প্রত্যেকটি সূচকের স্বপক্ষে প্রমাণক $A_4$ সাইজে ফটোকপি করতে হবে:
- ✓ আর্থিক বিষয়গুলির ক্ষেত্রে সমিতির নিরীক্ষিত হিসাব বিবরণী প্রাধান্য পাবে;
- ✓ জেলা বাছাই কমিটির সভার রেজুলেশন ০৩ (তিন) প্রস্ত প্রেরণ করতে হবে;
- ✓ জেলা থেকে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের স্বপক্ষে ক্যাপশনসহ ল্যাব প্রিন্ট (3R) কমপক্ষে ০৮ টি ছবি (যেমন, সমিতির অফিস ঘর, ব্যবস্থাপনা কমিটির সভা, বার্ষিক সাধারণ সভা, লভ্যাংশ বিতরণ, উন্নয়ন কার্যক্রমসহ অন্যান্য ছবি লিগ্যাল সাইজ কাগজে প্রতি পাতায় ৪ টি করে স্ট্যাপল করে নিচে ক্যাপশন লিখতে হবে);
- ✓ জেলা থেকে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনায় ৩-৪ মিনিটের ভিডিও ডকুমেন্টরি প্রেরণ করবেন;
- ✓ জেলা সমবায় অফিসারগণ তথ্যের যথার্থতা নিশ্চিত করে জেলা থেকে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি ও সমবায়ীর মূল্যায়ন ছকে সন্নিবেশিত/উপস্থাপিত/প্রদত্ত তথ্যের সফটকপি (ওয়ার্ড ফাইল) ০৬/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করবেন;
- ✓ ০৩ (তিন) প্রস্ত প্রমাণকসহ পূর্ণাঙ্গ তথ্য (হার্ডকপি) বাহক মারফত আগামী ০৯/০৮/২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

সংযুক্ত: ০১. সমবায় অধিদপ্তরের পত্র - ০১ (এক) পাতা
০২. মূল্যায়ন ছক ২টি - ০২ (দুই) পাতা
০৩. আবেদনের শ্রেণি/ক্যাটাগরি - ০১ (এক) পাতা

০১/০৭/২৬
(মোহাঃ জাহাঙ্গীর আলম)
উপ নিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়,খুলনা
ফোন নং-০২৪৭৭-৭০০৪৫০
jr.khulna@coop.gov.bd

জেলা সমবায় অফিসার
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল
ঝিনাইদহ/কুষ্টিয়া/মাগুরা//চুয়াডাঙ্গা/মেহেরপুর।

